

“শেখ হাসিনার বারতা  
নারী পুরুষ সমতা”

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার  
মহিলা বিষয়ক অধিদপ্তর  
(জনসংযোগ শাখা)  
৩৭/৩, ইস্কাটন গার্ডেন রোড, ঢাকা।



স্মারক নং- ৩২.০১.০০০০.০০৫.২৩.১৫০ (অংশ-১০)- ৪৭

তারিখ : ১৩/০৬/২০২১

বিষয়ঃ বেগম রোকেয়া পদক ২০২১ এর জন্য মনোনয়ন আহ্বান।

সূত্র: ৩২.০০.০০০০.০৪২.২৩.১০০.১৮-২১-৯৮, তারিখ: ০৯ জুন ২০২১

উপর্যুক্ত বিষয় ও সূত্রের পরিপ্রেক্ষিতে জানানো যাচ্ছে যে, নারী শিক্ষা, নারী অধিকার, নারীর আর্থ-সামাজিক উন্নয়ন, সাহিত্য ও সংস্কৃতির মাধ্যমে নারী জাগরণ এবং পল্লী উন্নয়নে অবদানের সর্বোচ্চ স্বীকৃতিস্বরূপ পাঁচ জন বাংলাদেশী মহিলাকে ‘বেগম রোকেয়া পদক, ২০২১’ প্রদান করা হবে। আপনার জেলা ও জেলাধীন উপজেলায় মনোনয়নযোগ্য বিশিষ্ট নারী যারা উল্লিখিত ৫টি ক্ষেত্রের মধ্যে যে কোন একটি ক্ষেত্রে অবদান রেখেছেন তাঁদের নিকট থেকে দরখাস্ত আহ্বান করা যাচ্ছে। আবেদনপত্র “ছক” (মহিলা ও শিশু বিষয়ক মন্ত্রণালয়ের ওয়েব সাইট ([www.mowca.gov.bd](http://www.mowca.gov.bd)) এবং মহিলা বিষয়ক অধিদপ্তরের ওয়েব সাইট ([www.dwa.gov.bd](http://www.dwa.gov.bd)) থেকে সংগ্রহ করা যাবে। ওয়েব সাইটে প্রকাশিত ‘ছক’ ব্যতিত অন্য কোন ‘ছক’ এ আবেদন/ মনোনয়ন গ্রহণ করা হবে না। পদক প্রাপ্তির ক্ষেত্রে উল্লেখপূর্বক আগামী ২৫ জুলাই ২০২১ তারিখের মধ্যে আবেদনপত্র নির্ধারিত ‘ছক’ অনুযায়ী ই-মেইলে ([mahmudadwaad@gmail.com](mailto:mahmudadwaad@gmail.com)) সফট কপি (Nikosh ফন্টে Ms Word File- এ) এবং হার্ডকপি (২ সেট) নিম্ন স্বাক্ষরকারী বরাবরে প্রেরণের জন্য অনুরোধ করা হলো।

সংযুক্ত: প্রশাসনিক মন্ত্রণালয় থেকে প্রেরিত বিজ্ঞপ্তি - ১ কপি।

২৬/৬/২০২১  
(রাম চন্দ্র দাস)

মহাপরিচালক (গ্রেড-১)

মহিলা বিষয়ক অধিদপ্তর, ঢাকা।

ফোন নংঃ- ৪৮৩১৯১৪৯

কার্যার্থে:

১। উপপরিচালক

মহিলা বিষয়ক অধিদপ্তর

(তাকে তাঁর জেলাধীন সকল উপজেলা মহিলা বিষয়ক কর্মকর্তাগণকে পত্রের আলোকে প্রয়োজনীয় নির্দেশনা প্রদানের জন্য বলা হলো)।

জ্ঞাতার্থে:


১। জেলা প্রশাসক,.....।

২। উপজেলা নির্বাহী অফিসার,.....।

৩। সচিবের একান্ত সচিব, মহিলা ও শিশু বিষয়ক মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা  
(সচিব মহোদয়ের সদয় অবগতির জন্য)।


৪। দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তা (মহিলা বিষয়ক অধিদপ্তরের ওয়েবসাইটে প্রকাশের জন্য), মহিলা বিষয়ক অধিদপ্তর।

৫। অফিস কপি।



পত্র নং: ৩০/১৫/১২  
মহিলা ও শিশু বিষয়ক মন্ত্রণালয়  
সমস্বয় শাখা  
বাংলাদেশ সচিবালয়, ঢাকা।  
www.mowca.gov.bd

আইডি: ১৮৮৮৮৮৮৮  
০১.০৬.২০২১



তারিখ: ২৬ জৈষ্ঠ ১৪২৮  
০৯ জুন ২০২১

বিষয়: 'বেগম রোকেয়া পদক ২০২১' এর জন্য মনোনয়ন আহবান।

মহিলা ও শিশু বিষয়ক মন্ত্রণালয় কর্তৃক 'বেগম রোকেয়া পদক, ২০২১' প্রদানের লক্ষ্যে নিম্নোক্ত বিজ্ঞপ্তি আপনার পত্রিকায় প্রকাশের জন্য এতদসঙ্গে প্রেরণ করা হল। বিজ্ঞপ্তি জরুরিভিত্তিতে আপনার পত্রিকায় ১ (এক) দিনের সংখ্যায় ভেতরের পাতায় প্রকাশ করতঃ প্রকাশিত বিজ্ঞপ্তির ৪ কপি এবং ৪ কপি বিল নিয়ন্ত্রাঙ্ককারীর দপ্তরে প্রেরণের জন্য নির্দেশক্রমে অনুরোধ করা হল।

### বিজ্ঞপ্তি

"নারী শিক্ষা, নারী অধিকার, নারীর আর্থ-সামাজিক উন্নয়ন, সাহিত্য ও সংস্কৃতির মাধ্যমে নারী জাগরণ এবং পল্লী উন্নয়নে অবদানের সর্বোচ্চ স্বীকৃতিস্বরূপ পাঁচ জন বাংলাদেশী মহিলাকে 'বেগম রোকেয়া পদক, ২০২১' প্রদান করা হবে। উল্লিখিত যেকোন ক্ষেত্রে অবদান রেখেছেন এমন বাংলাদেশী মহিলাদের নিকট থেকে দরখাস্ত আহবান করা যাচ্ছে। আবেদনপত্র 'ছক' মহিলা ও শিশু বিষয়ক মন্ত্রণালয়ের ওয়েব সাইট (www.mowca.gov.bd) এবং মহিলা বিষয়ক অধিদপ্তরের ওয়েব-সাইট (www.dwa.gov.bd) থেকে সংগ্রহ করা যাবে। ওয়েব-সাইটে প্রকাশিত 'ছক' ব্যতিত অন্য কোন 'ছক'-এ আবেদন/মনোনয়ন গ্রহণ করা হবে না। পদক প্রাপ্তির ক্ষেত্রে উল্লেখপূর্বক আগামী ৩১ জুলাই ২০২১ তারিখের মধ্যে নির্ধারিত 'ছক' অনুযায়ী ই-মেইলে (sasadm2@gmail.com) সফট কপি (Nikosh ফন্টে MS Word File-এ) এবং ডাকযোগে হার্ড কপি সচিব, মহিলা ও শিশু বিষয়ক মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা বরাবর প্রেরণ করতে হবে।"

০১.০৬.২০২১  
(আফরোজা বেগম)  
সহকারী সচিব  
ফোন: ৯৫৪০২৪১

### বিতরণ:

১. সম্পাদক, দৈনিক যুগান্তর, এ-২৪৪ প্রগতি সড়ক, কুড়িল বিশ্বরোড, বাড়িধারা, ঢাকা-১২২৯।
২. সম্পাদক, দৈনিক বাংলাদেশ প্রতিদিন, প্লট নং-৩৭১/এ, ব্লক নং- ডি বসুন্ধরা আর/এ, বাড়িধারা, ঢাকা-১২২৯।
৩. সম্পাদক, The Daily Observer, Aziz Bhaban (2<sup>nd</sup> floor), 93, Motijheel C/A, Dhaka-1000.

### মূল্যলিপি: (জ্ঞাতার্থে ও কার্যার্থে):

১. মহাপরিচালক, মহিলা বিষয়ক অধিদপ্তর, ঢাকা।
২. মাননীয় প্রতিমন্ত্রীর একান্ত সচিব, মহিলা ও শিশু বিষয়ক মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়।
৩. সচিব মহোদয়ের একান্ত সচিব, মহিলা ও শিশু বিষয়ক মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।